## উপজেলা পরিষদ, কয়রা, খুলনার অক্টোবর/২০২৪ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব রুলী বিশ্বাস, প্রশাসক, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ, কয়রা, খুলনা। |
| তারিখ | ঃ | ২৪/১০/২০২৪ খ্রি.। |
| সময় | ঃ | সকাল ০৯.৩০ ঘটিকা। |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট-"ক"। |

সভাপতি মহোদয় সভার শুরুতে উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর ১৯/০৯/২০২৪ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়।

অতঃপর সভায় দপ্তর ভিত্তিক নিম্নরূপ আলোচনা হয় ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্রমনং | দপ্তরের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১. | উপজেলা পরিষদ কয়রা, খুলনা। | (ক) উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা সভায় জানান, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবন সংলগ্ন টয়লেটের ইলেক্ট্রিকের কাজ ও পানির লাইন সহ রান্নঘর ও টয়লেটের টাইলস্ দ্বারা নির্মাণ এবং বাকী অংশ রংকরণ কাজের জন্য প্রস্তাব করেন। সভার সকলে উক্ত বিষয়ে একমত পোষণ করেন। উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনাকে পরবর্তী সভায় প্রাক্কলণ প্রস্তুতের জন্য মতামত প্রদান করেন। | (ক) সভায় বিস্তারিত আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবন সংলগ্ন টয়লেটের ইলেক্ট্রিকের কাজ ও পানির লাইন সহ রান্নঘর ও টয়লেটের টাইলস্ দ্বারা নির্মাণ এবং বাকী অংশ রংকরণ কাজটি উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনাকে পরবর্তী সভায় প্রাক্কলণ পেশ করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ, কয়রা ও উপজেলা নির্বাহী অফিসার কয়রা, খুলনা। |
| | | (খ) উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান গত ২৯-০৮-২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ, কয়রা, খুলনার আগস্ট/২০২৪ মাসের মাসিক সাধারণ সভার ১(জ) নং অনুচ্ছেদে কয়রা উপজেলার কাশিয়াবাদ স্টেশন কর্মকর্তার কার্যালয়ের সামনে নদীর পাড়ে পন্টনের পাশে বসার জন্য ০৪টি এবং উপজেলা পরিষদের অভ্যন্তরে ০২টি বসার বেঞ্চ উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল নির্মাণের জন্য সভায় অনুমোদিত হয়। উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনার নিকট হতে প্রাপ্ত উক্ত কাজটি বাস্তবায়নের জন্য ২,৪৯,৯১৫/- (দুই লক্ষ উনপঞ্চাশ হাজার নয়শত পনের) টাকা ব্যয়ের প্রাক্কলণ পাওয়া গেছে। উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে উক্ত কাজটি কোটেশনের বাস্তবায়নের জন্য সভার সকলে মতামত ব্যক্ত করেন। | (খ) সভায় এতদ্ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে কয়রা উপজেলার কাশিয়াবাদ স্টেশন কর্মকর্তার কার্যালয়ের সামনে নদীর পাড়ে পন্টনের পাশে বসার জন্য ০৪টি এবং উপজেলা পরিষদের অভ্যন্তরে ০২টি বসার বেঞ্চ নির্মাণের জন্য ২,৪৯,৯১৫/- (দুই লক্ষ উনপঞ্চাশ হাজার নয়শত পনের) টাকা ব্যয়ের কাজটি উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | (গ) উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালয়, কয়রা, খুলনার পুরাতন আদালত ভবনের বারান্দা হতে নতুন নবনির্মিত আদালত ভবনে প্রবেশের জন্য রাস্তার উপরে ছাউনি থাকলে মামলার শুনানীর জন্য অপেক্ষায় থাকা বিচারপ্রার্থী মানুষজন ছায়ায় আশ্রয় গ্রহণ করতে পারবে মর্মে যুগ্ম জেলা ও দায়রা জজ, খুলনা মহোদয় নির্দেশনা প্রদান করেছেন। সে কারণে মানবিক দিক বিবেচনায় টিনের ছাউনিদ্বারা উক্ত চলাচলের পথটি বেষ্টিত করা প্রয়োজন মর্মে তিনি সভায় প্রস্তাব করেন। সভার সকলে উক্ত বিষয়ে একমত পোষণ করেন এবং উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনাকে পরবর্তী সভার প্রাক্কলণ পেশ করার জন্য মতামত ব্যক্ত করেন। | (গ) সভায় এতদ্ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালয়, কয়রা, খুলনার পুরাতন আদালত ভবনের বারান্দা হতে নতুন নবনির্মিত আদালত ভবনে প্রবেশের জন্য রাস্তার উপরে নির্মিত টিনের ছাউনির জন্য উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনাকে পরবর্তী সভার প্রাক্কলণ পেশ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | (ঘ) উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান কয়রা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অভ্যন্তরীন রাস্তাটি অতীব জরাজীর্ণ। যার কারনে রোগী সহ হাসপাতালে কর্মরত চিকিৎসকদের অনেক ভোগান্তির সম্মুখীন হচ্ছে মর্মে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার সভায় জানান। তিনি রাস্তাটি পুনর্নির্মাণের জন্য প্রস্তাব করেন। সভায় সকলে উক্ত বিষয়ে একমত পোষণ করেন। সভার সকলের মতামতের ভিত্তিতে উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনাকে পরবর্তী সভার প্রাক্কলণ পেশ করার জন্য মতামত ব্যক্ত করেন। | (ঘ) সভায় বিস্তারিত আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে কয়রা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অভ্যন্তরীণ রাস্তাটি উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনাকে পরবর্তী সভার প্রাক্কলণ পেশ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |

(৪) উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন লোকাল গভর্ণমেন্ট ইনিশিয়েটিভ অন ক্লাইমেট চেঞ্জ (লজিক) প্রকল্পের সার্বিক সহযোগিতায় উপজেলা পরিষদের সকল দপ্তরের সমন্বয়ে প্রস্তুতকৃত কয়রা উপজেলা পরিষদের স্থানীয় অভিযোজন কর্মপরিকল্পনা উপস্থাপন করা হয়। স্থানীয় অভিযোজন কর্মপরিকল্পনা জলবায়ু ঝুঁকি নিরসনে গুরুত্বপূর্ন ভূমিকা পালন করবে বলে উপস্থিত সদস্যবৃন্দ আশা করেন।

লোকাল গভর্ণমেন্ট ইনিশিয়েটিভ অন ক্লাইমেট চেঞ্জ (লজিক) প্রকল্পের পিবিসিআরজি' এর আওতায় ২০২৩-২০২৪ ও ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য উপজেলা পরিষদের সদস্য তথা উপজেলার সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রস্তাবিত জলবায়ু সহনশীল স্কিমসমূহ (নিম্নে বর্ণিত) উপজেলা প্রকল্প বাছাই কমিটি কর্তৃক স্থানীয় অভিযোজন কর্মপরিকল্পনা ও উপজেলা পঞ্চবার্ষিকী পরিকল্পনায় অর্ন্তভূক্ত আছে কিনা তা যাচাই-বাছাই করা হয়। স্কিমগুলো কারিগরী, সামাজিক ও পরিবেশগত এবং জলবায়ু পরিবর্তনের প্রভাবের দিক বিবেচনা করে চূড়ান্ত অনুমোদনের জন্য উপজেলা ফ্যাসিলিটেটর লজিক প্রকল্প অত্র সভায় অনুরোধ করেন।

লজিক প্রকল্পের বরাদ্দের অনুকূলে কয়রা উপজেলা পরিষদের সদস্যগনের মাধ্যমে প্রস্তাবিত ২০২৩-২০২৪ ও ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য জলবায়ু সহনশীল স্কিম সমূহ প্রাপ্ত মোট বরাদ্দ ৬০,৭৪,৪১৯/- টাকা ও পূর্ববর্তী অর্থবছরের অব্যয়িত ৪,৬২,৮৭৪/- টাকা সহ সর্বমোট ৬৫,৩৭,২৯৩/- টাকা অনুকূলে রেখে বাছাইকৃত পৃথক দুটি অর্থবছরের জন্য তিনটি স্কিম অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয় এবং সর্বসম্মতি ক্রমে প্রস্তাবিত স্কীম সমুহ অনুমোদিত হয়।
নিম্নবর্ণিত ২০২৩-২০২৪ ও ২০২৪-২০২৫ অর্থ বছরের জন্য যাচাই বাছাই কমিটি কর্তৃক বাছাইকৃত অনুমোদিত তিনটি স্কীম

| ক্রঃ নং | প্রকল্পের নাম | ইউনিয়ন | ওয়ার্ড | বাজেট | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | লজিক প্রকল্পের অনুদান | কমিউনিটির অনুদান | মোট বাজেট |
| ১. | লবনাক্ততার জন্য সৃষ্ট সুপেয় পানির সমস্যা দূরীকরনে ৭৭ নং পূর্ব মঠবাড়ি সরকারী প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন উচ্চ ধারণ ক্ষমতাসম্পন্ন আরসিসি আন্ডার গ্রাউন্ড রেইন ওয়াটার হার্ভেস্টার স্থাপন। | মহারাজ পুর | ৩ নং ওয়ার্ড | ২১,৭৫,৯৭১/- | ২,৪২,০০০/- | ২৪,১৭,৯৭১/- |
| ২. | লবনাক্ততার জন্য সুপেয় পানির সমস্যা দূরীকরনে পূর্ব ভাগবা বায়তুল আমান গ্রামে মসজিদ সংলগ্ন উচ্চ ধারণ ক্ষমতাসম্পন্ন আরসিসি আন্ডার গ্রাউন্ড রেইন ওয়াটার হার্ভেস্টার স্থাপন। | মহেশ্বরী পুর | ৭ নং ওয়ার্ড | ২১,৭৯,৬৯১/- | ২,৪২,০০০/- | ২৪,২১,৬৯১/- |
| ৩. | লবনাক্ততার জন্য সৃষ্ট সুপেয় পানির সমস্যা দূরীকরনে | বাগালী | ৪ নং ওয়ার্ড | ২১,৮১,৬৩১/- | ২,৪০,০০০/- | ২৪,২১,৬৩১/- |

(১) বিস্তারিত আলোচনান্তে সভায় সর্বসম্মতিক্রমে (১)কয়রা উপজেলা পরিষদের স্থানীয় অভিযোজন কর্মপরিকল্পনা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। জলবায়ু ঝুঁকি ও উন্নয়নমূলক প্রকল্প গ্রহনের ক্ষেত্রে এই পরিকল্পনাকে অগ্রাধিকার দেওয়া হবে এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।
(২) সভায় তালিকাকৃত প্রকল্পগুলি চুড়ান্তকরণ হয়েছে কিনা এবং স্থানীয় অভিযোজন কর্মপরিকল্পনা ও উপজেলা পঞ্চবার্ষিকী পরিকল্পনায় অর্ন্তভুক্ত আছে কিনা তা প্রকল্পগুলি বাস্তবায়িত হলে সামাজিক ও পরিবেশগত প্রভাব পড়বে কিনা তা পুঙ্খানুপুঙ্খভাবে যাচাই অন্তে সভায় সর্বসম্মতিক্রমে বর্ণিত প্রকল্পগুলি অনুমোদন করা হয়।
(৩) বাছাইকৃত স্কীম সমুহ দ্রুত সময়ের মধ্যে বিধি মোতাবেক বাস্তবায়ন করার ব্যবস্থা করা।
(৪) স্কীম বাস্তবায়নে "লজিক" ও সরকারী নীতিমালা মোতাবেক দ্রুত বাস্তবায়নে সহযোগিতা করার জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হয় এবং সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাদের প্রকল্পগুলি স্পেসিফিকেশন মোতাবেক মনিটরিং করার জন্য অনুরোধ করা হয়।
(৫) গৃহিত স্কীমগুলোর সম্ভাব্য বরাদ্দকৃত অর্থ প্রকৃত প্রাক্কলন (উর্ধ্বসীমার) অনুযায়ী খরচ করতে হবে।
(৬) গৃহিত স্কীমগুলো উপজেলা পরিষদের স্থানীয় অভিযোজন কর্মপরিকল্পনা ও উপজেলা পঞ্চবার্ষিকী পরিকল্পনায় জলবায়ু সহিষ্ণু স্কিম হিসেবে অর্ন্তভুক্ত করতে হবে।

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১৬নং সরিষামুট গাজী নগর সরকারী প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন উচ্চ ধারণ ক্ষমতাসম্পন্ন আরসিসি আন্ডার গ্রাউন্ড রেইন ওয়াটার হার্ভেস্টার স্থাপন। | | | | | | |
| | | | মোট | ৬৫,৩৭,২৯৩/- | ৭,২৭,০০০/- | ৭২,৬৪,২৯৩/- | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২. | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কয়রা, খুলনা। | (ক) উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, কয়রা উপজেলার বাংলা ১৪৩১ বঙ্গাব্দে অ-ইজারার ১১ (এগারো) টি হাট-বাজারের গত ১৬/১০/২০২৪ খ্রি. তারিখে উন্মুক্ত ডাক অনুষ্ঠিত হয়। ডাকে ০৫(পাঁচ) টি হাট-বাজারের বিপরীতে ডাককারীগণ ডাকে অংশগ্রহণ করেন। তন্মধ্যে ০৪(চার) টি গিলাবাড়ী হাট, হোগলার হাট, ঘড়িলাল হাট ও ঝিলিয়াঘাটা হাটের ডাককারীগণের ডাকমূল্য সর্বোচ্চ হওয়ায় তাদের নামের পার্শ্বে উল্লিখিত হাট-বাজার বাংলা ১৪৩১ সনে অবশিষ্ট সময়ের জন্য (উন্মুক্ত ডাকের পর হতে ১৪৩১ সনের ৩০ চৈত্র পর্যন্ত) খাস আদায়ের জন্য সভার সকলে উক্ত একমত পোষণ করেন। | (ক) সভায় বিস্তারিত আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে কয়রা উপজেলাধীন অ-ইজারাকৃত ১১(এগারো)টি হাট-বাজারের মধ্যে ০৪(চার) টি গিলাবাড়ী হাট, হোগলার হাট, ঘড়িলাল হাট ও ঝিলিয়াঘাটা হাটের ডাককারীগণের ডাকমূল্য সর্বোচ্চ হওয়ায় তাদের নামের পার্শ্বে উল্লিখিত হাট-বাজার বাংলা ১৪৩১ সনে অবশিষ্ট সময়ের জন্য (উন্মুক্ত ডাকের পর হতে ১৪৩১ সনের ৩০ চৈত্র পর্যন্ত) খাস আদায়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার কয়রা, খুলনা। |
| ০৩. | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ দপ্তর, কয়রা, খুলনা। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ০৪. | উপজেলা কৃষি অফিস, কয়রা, খুলনা। | উপজেলা কৃষি অফিসার, কয়রা, খুলনা সভায় অক্টোবর/২০২৪ মাসের তথ্য উপস্থাপন করেন চলতি খরিপ-২ মৌসুমে আমন ধানের রোপন ও রোগ-পোকামাকড় দমনের কার্যক্রম চলমান রয়েছে।<br>৪১২৫ জন কৃষক কৃষাণীর মাঝে রোপা আমন ধানের বীজ ও সার বিতরণ করা হয়েছে।<br>০.০৩ হেঃ জমি অনাবাদী থেকে আবাদের আওতায় এসেছে।<br>জৈব সারের উৎপাদন বৃদ্ধির জন্য ২৫ জন উদ্যোক্তা তৈরি করা হয়েছে। এছাড়াও বীজের চাহিদা মিটানোর জন্য আধুনিক বীজ উৎপাদন ৭টি গ্রুপ তৈরি করা হয়েছে।<br>পারিবারিক পুষ্টি চাহিদা মিটানোর জন্য উপজেলার বিভিন্ন ইউনিয়নে পারিবারিক পুষ্টি বাগান স্থাপন করা হয়েছে এবং চলমান আছে।<br>উত্তম কৃষি চর্চার মাধ্যমে উৎপাদন বৃদ্ধির জন্য কৃষক পর্যায়ে ২০০টি কৃষিকথা বই বিতরন করা হয়েছে।<br>সঠিক সার নিরূপনের জন্য মাটি পরীক্ষার জন্য ১৫ কৃষকের নমুনা প্রেরণ করা হয়েছে।<br>কৃষক প্রশিক্ষণ ও উঠান বৈঠকের মাধ্যমে ৭১০ জন কৃষকদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>ইউনিয়ন পর্যায়ে ফিয়াক সেন্টার হতে ৫২০ জন কৃষকদের পরামর্শ প্রদান করা হয়েছে। | -- | -- |
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ অফিস কয়রা, খুলনা। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কয়রা, খুলনার প্রতিনিধি সভায় অক্টোবর/২০২৪ মাসের তথ্য সভায় উপস্থাপন করেন।<br>১) কৃত্রিম প্রজননঃ<br>ক) হিমায়িত সিমেন দ্বারাঃ ২৫০<br>খ) সংকর জাতের বাছুরের তথ্যঃ ১৩০<br>২) চিকিৎসাঃ<br>ক) গবাদি পশুঃ ১৬৫৫<br>খ) হাঁস-মুরগিঃ ৭৭৮০<br>৩) টিকা প্রদানঃ<br>ক) গবাদি পশুঃ ৫৩৬০০<br>খ) হাঁস-মুরগিঃ ১৪১০০০ | -- | -- |

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>তিনি আরও জানান উপজেলা ব্যাপি বিনামূল্যে ৫৩,০০০ ছাগল ও ভেড়ার পিপিআর ভ্যাক্সিনেশন করা হয়েছে।</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>০৬.</td>
<td>সিনিয়র উপজেলা মৎস্য অফিস, কয়রা, খুলনা।</td>
<td>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কয়রা, খুলনা সভায় জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td>
<td>--</td>
<td>--</td>
</tr>
<tr>
<td>০৭</td>
<td>উপজেলা প্রকৌশল দপ্তর কয়রা, খুলনা।</td>
<td>(ক) উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা সভায় জানান যে, ননমিউনিসিপ্যাল মাস্টারপ্লান প্রণয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্প (URMIDP) এর আওতায় মার্চ/২০২৪ এ কয়রা বাজারে একটি পাবলিক টয়লেট বরাদ্দ করা হয়। কয়রা বাজার সংলগ্ন এলাকায় পাবলিক টয়লেট নির্মাণের উদ্দেশ্যে যথাপোযুক্ত জায়গা নির্ধারণের জন্য কয়রা উপজেলা পরিষদের মার্চ/২০২৪ মাসের মাসিক সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়। উক্ত সিদ্ধান্ত মোতাবেক কয়রা বাজারের নিম্নবর্ণিত জায়গায় একটি পাবলিক টয়লেট নির্মাণের জন্য বাজার কমিটি কর্তৃক প্রস্তাব প্রেরণ করা হয়েছে। যার বিবরণ কয়রা বাজার কাউন্সিল মোড় হতে দক্ষিণে কয়রা ইউপি-গোবরা বাজার সড়কে ১০০ মিঃ চেঃ রাস্তার পাশ হতে ৫.০০ ডানে পূর্ব পশ্চিম ১০.০০ মিঃ এবং উত্তর দক্ষিণে ১০.০০ মিঃ জায়গা নির্ধারণ করা হয়। যার অক্ষাংশ ২২.৩৪৫২৯২ ও দ্রাঘিমাংশ ৮৯.২৯০২০২। নির্ধারিত জমির চৌহদী পূর্বে কাঁচা বাজার সড়ক, পশ্চিমে সরকারি সম্পত্তি উত্তরে রাজ্জাক মহরার বাড়ি এবং দক্ষিণ দিকে সরকারি সম্পত্তি।<br><br>(খ) উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা সভায় জানান যে, ননমিউনিসিপ্যাল মাস্টারপ্লান প্রণয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্প (URMIDP) এর আওতায় খুলনা জেলার কয়রা উপজেলায় উক্ত প্রকল্পের প্রকল্প পরিচালক মহোদয়ের নির্দেশনা মোতাবেক অত্র কয়রা উপজেলার অতিগুরুত্বপূর্ণ বিবেচনায় নিম্নলিখিত প্রকল্প সমূহের প্রাক্কলণ প্রস্তুত করা হয়েছে।
<table>
<tr><td colspan="3">পাবলিক টয়লেট</td></tr>
<tr><td>ক্রঃ নং</td><td>স্কীমের নাম</td><td>সংখ্যা</td></tr>
<tr><td>১</td><td>অন্তবুনিয়া বাজারে পাবলিক টয়লেট নির্মাণ।</td><td>১টি</td></tr>
<tr><td>২</td><td>সুড়িখালী বাজারে পাবলিক টয়লেট নির্মাণ।</td><td>১টি</td></tr>
<tr><td>৩</td><td>০৪ নং কয়রা বাজার লঞ্চঘাটে পাবলিক টয়লেট নির্মাণ।</td><td>১টি</td></tr>
<tr><td colspan="3">কালভার্ট নির্মাণ</td></tr>
<tr><td>ক্রঃ নং</td><td>স্কীমের নাম</td><td>সংখ্যা</td></tr>
<tr><td>১</td><td>দেউনিয়া হাট-কাশিরাবাদ বিসি ভায়া উত্তরচক মাদরাসা সড়কে ১০৫০.০ মি. চেইনেজে ৩.০x ৩.০ মি. Singel vent RCC Box Culvert নির্মাণ।</td><td>১টি</td></tr>
<tr><td>২</td><td>কয়রা খাল ব্রীজ-ডব্লিউডিবি ইমব্যাকমেন্ট ভায়া গুড়াতলা বাজার সড়কে ৭০.০মি. চেইনেজে ৩.৬x ৩.৬ মি. Double Vent RCC Box Culvert পুনঃ নির্মাণ।</td><td>১টি</td></tr>
<tr><td>৩</td><td>আরএন্ডএইচ হাতিয়ারডাঙ্গা কালভার্ট-সুড়িখালী বাজার সড়ক ভায়া পাটনিখালী সড়কে ৪০৮০.০ মি. চেইনেজে ৩.০x ৩.০ মি. Singel vent RCC Box Culvert নির্মাণ।</td><td>১টি</td></tr>
<tr><td>৪</td><td>আরএন্ডএইচ- মিজানুর রহমান এর বাড়ী সড়কের দেউনিয়া খালের উপর ৩.০x ৩.০ মি. Singel vent RCC Box Culvert নির্মাণ।</td><td>১টি</td></tr>
<tr><td colspan="3">কাঁচা বাজার</td></tr>
<tr><td>ক্রঃ নং</td><td>স্কীমের নাম</td><td>সংখ্যা</td></tr>
<tr><td>১</td><td>গিলাবাড়ী বাজার উন্নয়ন</td><td>১টি</td></tr>
<tr><td>২</td><td>আমাদী হাট উন্নয়ন</td><td>১টি</td></tr>
<tr><td>৩</td><td>হোগলা হাট উন্নয়ন</td><td>১টি</td></tr>
</table>
</td>
<td>(ক) সভায় বিস্তারিত আলোচনান্তে সভায় সর্বসম্মতিক্রমে বাজার কমিটি কর্তৃক প্রস্তাবিত স্টেডিয়ামের জায়গার পাশে পাবলিক টয়লেট নির্মাণ কাজটি দ্রুততম সময়ের মধ্যে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ) সভায় বিস্তারিত আলোচনান্তে ননমিউনিসিপ্যাল মাস্টারপ্লান প্রণয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্প (URMIDP) এর আওতায় খুলনা জেলার কয়রা উপজেলার উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনার প্রস্তাবিত প্রকল্প সমূহ প্রকল্প পরিচালক মহোদয় বরাবর প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা প্রকৌশলী কয়রা, খুলনা।</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস কয়রা, খুলনা। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কয়রা, খুলনা সভায় জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ০৯. | উপজেলা শিক্ষা অফিস, কয়রা, খুলনা। | উপজেলা শিক্ষা অফিসার, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ১০. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, কয়রা। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ১১. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস কয়রা, খুলনা। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান ২০২৩-২০২৪ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর) উপজেলা পরিষদওয়ারী এবং নির্বাচনী এলাকা ভিত্তিক ১ম, ২য়, ৩য় ও ৪র্থ পর্যায় প্রকল্পের আওতায় গৃহীত প্রকল্পসমূহ ঘূর্ণিঝড় রেমালে ব্যাপকভাবে ক্ষতিগ্রস্থ হয়। ঘূর্ণিঝড় এর ফলে ইউনিয়ন পর্যায়ে যাতায়াতে জনসাধারণের সমস্যা হয়। উক্ত সমস্যা সমাধানে রাস্তা সমূহ মেরামত করা প্রয়োজন। তিনি আরও জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ১২. | উপজেলা সমাজসেবা অফিস কয়রা, খুলনা। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | -- | -- |
| ১৩. | উপজেলা সমবায় অফিস, কয়রা, খুলনা। | উপজেলা সমবায় অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, অত্র উপজেলায় ২০/১০/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা ১৯৬ টি। ২০২২-২৩ অর্থ বছরে ২,৩৪,০৫০/- টাকা অডিট ফি ধার্য করা হয়েছে এর মধ্যে ১,৮০,৫৯০/- টাকা অডিট ফি আদায় করে ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদান করা হয়। ২০২২-২০২৩ অর্থ বছরে সমবায় উন্নয়ন তহবিল ৭৩,৪১২/- টাকা ধার্য করা হয়েছে এর মধ্যে ৪৭,২১০/- টাকা আদায় করা হয়েছে। যা সমবায় সমিতির সদস্যদের প্রশিক্ষণ, সেমিনার ও জাতীয় সমবায় দিবস পালন উপলক্ষ্যে ব্যয় করা হয়ে থাকে। ইতোমধ্যে সমিতির ৪৮০ জন সদস্যদেরকে সমবায় ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এছাড়াও বিভিন্ন সমিতি থেকে ১০০ জন সদস্যদের সমন্বয়ে মৎস্যচাষ, গবাদীপশু, হাঁস মুরগী পালন, নারীর ক্ষমতায়ন ও বাল্য বিবাহ বিষয়ক ভ্রাম্যমাণ প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে।<br><br>অত্র উপজেলায় ০৩ টি আশ্রয়ণ প্রকল্প আছে (ক) আমাদী আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-০২), (খ) বাগালী আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-০২) ও (গ) মালিখালী আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-০২)। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে আমাদী আশ্রয়ণ প্রকল্পে ১৬,১০,০০০/- টাকা ও বাগালী আশ্রয়ণ প্রকল্পে ৮,০০,০০০/- টাকা ঋণ বরাদ্দ পাওয়া গিয়েছে। আমাদী আশ্রয়ণ প্রকল্পের পূনর্বাসিতদের মধ্যে বিভিন্ন ট্রেডে ঘূর্ণায়মান তহবিল হিসেবে ১৯,০১,০০০/- টাকা ঋণ দাদন করা হয়েছে। ঋণের আসল আদায় ১৩,৭৩,৪৮৮/- টাকা এবং সুদ আদায় ১,১৩,৪৭৩/- টাকা। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | -- | -- |
| ১৪. | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, কয়রা, খুলনা। | উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), কয়রা, খুলনা সভায় জানান যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কয়রা, খুলনা এর মাধ্যমে বিভিন্ন উন্নয়ন মূলক কাজ বাস্তবায়িত হচ্ছে। কাজের ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরও জানান দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | -- | -- |
| ১৫. | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর কয়রা, খুলনা। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |

চলমান পাতা- ০৬

**১৬.** উপজেলা যুব উন্নয়ন অফিস, কয়রা, খুলনা।

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কয়রা, খুলনা অক্টোবর/২০২৪ মাসের সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন।

| ক্র নং | বিবরণ | টাকা/পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | মোট ঋণ তহবিল | ২৫,৩৮,৮০০/- | |
| ২. | ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ | ২,১২,৩১,৫০০/- | |
| ৩. | চলতি অর্থ বছরে ঋণ বিতরণ | ০ | |
| ৪. | চলতি মাসে আদায়যোগ্য টাকার পরিমাণ | ১,০০,২০০/- | |
| ৫. | চলতি মাসে আদায়কৃত টাকার পরিমাণ | ৯২,০০০/- | |
| ৬. | চলতি মাসে আদায়ের হার | ৯৪% | |
| ৭. | চলতি মাসে ক্রমপুঞ্জিত আদায়যোগ্য | ১,৯৯,৪৩,৩৯০/- | |
| ৮. | চলতি মাসে ক্রমপুঞ্জিত আদায়কৃত | ১,৯৫,১৩,২৬৮/- | |
| ৯. | ক্রমপুঞ্জিত আদায়ের হার | ৯৭% | |
| ১০. | চলতি মাস পর্যন্ত মেয়াদ উত্তীর্ণ খেলাপী টাকার পরিমাণ | ৩,৮৪,৪৩২/- | |
| ১১. | চলতি মাস পর্যন্ত কিস্তি খেলাপী টাকার পরিমাণ | ৪৫,৬৯০/- | |
| ১২. | ২০২৩-২৪ অর্থ বছরে প্রশিক্ষণ জোরদারকরণ | ০ জন | |
| ১৩. | ২০২৪-২৫ অর্থ বছরে প্রশিক্ষণ (রাজস্ব) | ৩০ জন | |
| ১৪. | ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ দেয়া হয়েছে (জোরদার+রাজস্ব) | ৯২৪৮ জন | |
| ১৫. | চলতি অর্থ বছরে আত্মকর্মী | ০ জন | |
| ১৬. | ক্রমপুঞ্জিত আত্মকর্মী করা হয়েছে | ৪৬৪৫ জন | |
| ১৭. | ঋণী সংখ্যা<br>রাজস্ব<br>জোরদারকরণ প্রকল্প<br>পরিবার | <br>১০২২ জন<br>১৩ জন<br>৩৪০ জন | |

তিনি আরও জানান দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।

-- | --

**১৭.** বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)।

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কয়রা, খুলনা অক্টোবর/২০২৪ মাসের কার্যক্রম সভায় উপস্থাপন করেন

| কর্মসূচির নাম | বিতরণ | অর্জন | মাঠে হকেয়া | | |
|---|---|---|---|---|---|
| | | | চলতি | মেয়াদ উত্তীর্ণ | মোট |
| মূল/কর্মসূচি/ আবর্তক | ৬৯.২৫ | ৯৫.০০ | ৭৯.৩৬ | ১৪.৪০ | ৯৩.৭৬ |
| সমন্বিত | ৭৯.৫০ | ১০৫.০০ | ৫০.৪৮ | ৪৭.১২ | ৯৭.৬০ |
| পল্লী প্রগতি কর্মসূচি | ৩৯.০০ | ৫০.০০ | ৫৪.৮৭ | ৪.৪২ | ৫৯.২৯ |
| বীর মুক্তিযোদ্ধা | ৫.৩৮ | ৩.০০ | ১.৭৮ | ২.৬৪ | ৪.৪২ |
| ইরেসপো | ২৫৬.০০ | ৪০০.০০ | ২৩৯.৪৪ | ৩৮.৮১ | ২৭৮.২৫ |
| এসএমই | ২৬.০০ | ২৬.০০ | ৭১.৬০ | ০ | ১৭.৬০ |
| গুচ্ছগ্রাম | ৩৪.৫০ | ৯.৫০ | ৯.২৮ | ০ | ৯.২৮ |

তিনি আরও জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।

-- | --

**১৮.** উপজেলা সামাজিক বন বিভাগ, কয়রা, খুলনা।

উপজেলা সামাজিক বন বিভাগ, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।

-- | --

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯. | পল্লী সঞ্চয় ব্যাংক, কয়রা শাখা, খুলনা। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কয়রা শাখা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | -- | -- |
| ২০. | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, কয়রা, খুলনা। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান যে, পিডিবিএফ কয়রা কার্যালয়ে ২০২৪-২০২৫ অর্থ বছরে লক্ষ্যমাত্রা অনুযায়ী ২৫ জন সদস্যকে নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়ন প্রশিক্ষণ দেয়া হয়েছে। লক্ষমাত্রা অনুযায়ী ক্ষুদ্র ঋণ বাবদ ৮৫,০৩,০০০/- (পঁচাশি লক্ষ তিন হাজার) টাকা নারী উদ্যোক্তার মধ্যে ৭,৬০,০০০/- (সাত লক্ষ ষাট হাজার) টাকা এবং ক্ষুদ্র উদ্যোক্তার মধ্যে ৭,১২,০০০/- (সাত লক্ষ বারো হাজার) টাকা ঋণ বিনিয়োগ করেছে। যার চলতি ঋণ আদায়ের হার ৯৭%। তিনি আরও জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |

২১. আর্থিক ব্যয় সংক্রান্ত (উপজেলা পরিষদ রাজস্ব তহবিল)

উপজেলা পরিষদের দৈনন্দিন ব্যয় এবং বিভিন্ন জরুরী প্রয়োজনীয় ব্যয় মিটানোর জন্য নিম্নবর্নিত ব্যয় বিল পরিষদের সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।

| ক্রঃ নং | বিলের সংক্ষিপ্ত বিবরণ | টাকা |
|---|---|---|
| ০১. | উপজেলা পরিষদ, কয়রা, খুলনার সেপ্টেম্বর/২০২৪ মাসের আপ্যায়ন ব্যয় বিল। | ২৯,৯৯৫/- |
| ০২. | উপজেলা পরিষদ, কয়রা, খুলনার সেপ্টেম্বর/২০২৪ মাসের আনুষংগিক ব্যয় বিল। | ৪,৯৯৪/- |
| ০৩. | উপজেলা পরিষদ মালীর সেপ্টেম্বর/২০২৪ মাসের মজুরী বিল। | ১০,৫০০/- |
| ০৪. | উপজেলা পরিষদ সুইপারের সেপ্টেম্বর/২০২৪ মাসের মজুরী বিল। | ১১,৫৫০/- |
| ০৫. | উপজেলা পরিষদ প্রশাসনিক ভবনের ৩য় ও ৪র্থ তলায় টয়লেটের স্যানিটেশন লাইন মেরামত ও মালামাল ক্রয় কাজের বিল। | ২৪,৫৫০/- |

সিদ্ধান্ত ঃ উপর্যুক্ত বিল সমূহের ব্যয় সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা পূর্বক সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং বিল সমূহের অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন বিষয়ে আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৪/১০/২০২৪
রুলী বিশ্বাস
প্রশাসক
উপজেলা পরিষদ
কয়রা, খুলনা।
☎০২৪৭৭৭৩১৩১১ (অফিস)

উপজেলা পরিষদ
কয়রা, খুলনা।

স্মারক নংঃ ৪৬.৪৪.৪৭৫৩.০০১.০৬.০০১.২৪-২৬ (৪৫)

তারিখঃ ২৪-১০-২০২৪ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। জেলা প্রশাসক, খুলনা।

অনুলিপি সদয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০৫। উপজেলা..............................................................অফিসার, কয়রা, খুলনা।
০৬। চেয়ারম্যান.............................................ইউপি (সকল), কয়রা, খুলনা।
০৭। জনাব ..................................................................,কয়রা, খুলনা।

২৪/১০/২০২৪
রুলী বিশ্বাস
উপজেলা নির্বাহী অফিসার
কয়রা, খুলনা।
☎০২৪৭৭৭৩১৩০৬ (অফিস)
E-mail-unokoyra@mopa.gov.bd